

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ২৯০

তারিখ: ০৭ আগস্ট ২০২৩

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির (ইরেসপো) উপজেলা পর্যায়ে বিভিন্ন ধরনের আর্থিক অনিয়ম সংঘটিত হচ্ছে। প্রকল্প/কর্মসূচির আর্থিক শৃঙ্খলা রক্ষার স্বার্থে ও বিভিন্ন ধরনের আর্থিক অনিয়ম রোধকল্পে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:


ক. হিসাব সহকারীগণ কর্তৃক প্রতিদিনের ঋণ ও সঞ্চয় সংক্রান্ত লেনদেন প্রতিদিন সমাপ্ত করবেন। কোন অবস্থাতেই পূর্বের দিনের ঋণ ও সঞ্চয়ের আদায়কৃত অর্থ পরের দিন জমা প্রদান করা যাবে না।

খ. কোন সমিতি/দল উপজেলা থেকে দূরবর্তী অথবা দুর্গম স্থানে অবস্থিত হলে সংশ্লিষ্ট মাঠ সংগঠক আদায়ের তারিখ সকাল বেলায় সরাসরি উক্ত সমিতিতে গমন করবেন এবং ঋণ ও সঞ্চয়ের আদায়কৃত অর্থ ঐদিন ব্যাংকে জমা নিশ্চিত করবেন।

গ. প্রতিদিন অফিস ত্যাগ করার পূর্বে ব্যাংকের ন্যায় সকলের উপস্থিতিতে যাবতীয় লেন-দেন সমাপ্ত করবেন (Day Close)। কোন অবস্থাতেই Day Close ব্যতিত কোন কর্মচারী অফিস ত্যাগ করতে পারবেন না। বিভিন্ন ধরনের অজুহাত দেখিয়ে Day Close পরবর্তী দিনে করা যাবে না।

২। উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের বিষয়টি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নিশ্চিত করবেন। বতায় ঘটলে কর্মসূচির কর্মচারীসহ (এআরডিও, হিসাব সহকারী ও মাঠ সংগঠক) সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তারা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

৩। প্রকল্প/কর্মসূচির স্বার্থে জারিকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন : ৪১০১০৩৪১

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ২৯০

তারিখ: ০৭ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:.....(প্রকল্প/কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,(প্রকল্প/কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি,..... (প্রকল্প/কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক (সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।


শরিফুল ইসলাম
সহকারী পরিচালক